

যঙ্গফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৩২২

১/ বিবিধ

আরবী

مثُلُ الَّذِي يَعْتَقُ عِنْدَ الْمَوْتِ كَمَثُلِ الَّذِي يَهْدِي إِذَا شَبَعَ
ضَعِيفٌ

أخرجه أبو داود (3968) والنسائي (2/125) والترمذى (2/17) والدارمى (2/413)
وابن حبان (1219) وأحمد (5/197 و 6/448) وعبد بن حميد في "المنتخب من
المسند" (ق 1/28) وابن الأعرابى في "المعجم" (ق 2/190) عن أبي إسحاق عن أبي
حبيبة الطائى قال: "أوصى إلى أخي بطائفة من ماله، فلقيت أبا الدرداء، فقلت: إن
أخي أوصى إلى بطائفة من ماله، فإن ترى لي وضعه في الفقراء أو المساكين
أو المجاهدين في سبيل الله، فقال: أما أنا فلو كنت لم أعدل بالمجاهدين، سمعت
رسول الله صلى الله عليه وسلم يقول: ..."، فذكره والسياق للترمذى وقال: حديث

حسن صحيح

كذا قال. وأبو حبيبة هذا في عداد المجهولين، فإنه لا يعرف له راو غير أبي إسحاق،
ولذلك قال الحافظ فيه: "مقبول". يعني عند المتابعة، وإن فلين الحديث، ولم يتابع
فيما علمت.

ولذلك قال الذهبي في "الميزان": "لا يدرى من هو؟ وقد صلح له الترمذى فتحسین
الحافظ لإسناده في "الفتح" (5/374) غير حسن، وإن وافقه المناوى وقلده الغمارى،
وأقره المعلق على "شرح السنة" (6/172). والله المستعان

১৩২২। যে ব্যক্তি মৃত্যুর সময় (দাসদাসী) মুক্ত করবে তার উদাহরণ সেই ব্যক্তির মত যে পরিত্থ অবস্থায় হাদিয়্যাত্ দিয়ে (দান করে) থাকে।

হাদীসটি দুর্বল।

হাদীসটি আবু দাউদ (৩৯৬৮), তিরমিয়ী (২১২৩), নাসাই (৩৬১৪), দারেমী (৩২২৬), আহমাদ (২১২১২), ইবনু হিবান (১২১৯), আবু ইবনু হুমায়েদ “আলমুনতাখাব মিনাল মুসনাদ” গ্রন্থে (কাফ ১/২৮), ইবনুল আ’রাবী “আল-মু’জাম” গ্রন্থে (কাফ ২/১৯০) আবু ইসহাক হতে, তিনি আবু হাবীবাহ আতত্ত্ব হতে তিনি বলেনঃ ...।

ইমাম তিরমিয়ী বলেনঃ এ হাদীসটি হাসান সহীহ।

অথচ আবু হাবীবাহ মাজহল (অপরিচিত) বর্ণনাকারীদের অন্তর্ভুক্ত। তার থেকে বর্ণনাকারী হিসেবে আবু ইসহাক ছাড়া অন্য কাউকে পাওয়া যায় না।

এ কারণে হাফিয় ইবনু হাজার তার সম্পর্কে বলেছেনঃ তিনি মকবুল। অর্থাৎ অন্য বর্ণনাকারী তার সাথে মিলে বর্ণনা করার ক্ষেত্রে। অন্যথায় তিনি হাদীস বর্ণনার ক্ষেত্রে দুর্বল এবং আমার জানা মতে কেউ তার সাথে বর্ণনা করেননি। এ কারণেই হাফিয় যাহাবী “আল-মীয়ান” গ্রন্থে বলেনঃ তিনি কে তা জানা যায় না। তার হাদীসকে ইমাম তিরমিয়ী সহীহ আখ্যা দিয়েছেন।

ইবনু হাজার কর্তৃক "ফাতহল বারী" গ্রন্থে (৫/৩৭৪) তার সনদকে হাসান আখ্যা দেয়াটা সঠিক হয়নি। যদিও মানবী তার সাথে ঐকমত্য পোষণ করেছেন আর শুমারী তার অন্ধ অনুসরণ করেছেন।

হাদিসের মান: যদ্দেশ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72201>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন